

**B.A. 3rd Semester (Honours) Examination, 2019 (CBCS)**

**Subject : Bengali**

**Paper : CC-5**

**Time: 3 Hours**

**Full Marks: 60**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১. যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাওঃ

২×১০=২০

- (ক) ফোর্ট উইলিয়াম কলেজ কে প্রতিষ্ঠা করেন? কোথায় কলেজটি প্রতিষ্ঠিত হয়?  
(খ) 'কথোপকথন' কার লেখা? কত সালে প্রকাশিত?  
(গ) 'ইংলন্ডের ইতিহাস'-এর লেখক কে? গ্রন্থটির প্রকাশকাল কত?  
(ঘ) 'বেতাল পঞ্চবিংশতি' কার লেখা? এটি কোন গ্রন্থের অনুবাদ?  
(ঙ) 'ছতোম পাঁচাচর নকশা'-র লেখক কে? গ্রন্থটির প্রথম প্রকাশকাল লেখো।  
(চ) 'সংবাদ প্রভাকর'-এর সম্পাদকের নাম কী? পত্রিকাটির প্রথম প্রকাশ কত সালে হয়েছিল?  
(ছ) 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী' কার লেখা? কোন কবির প্রভাবে এই কাব্য লেখা হয়েছিল?  
(জ) "স্বাধীনতাহীনতায় কে বাঁচিতে চায় হে

কে বাঁচিতে চায়?

দাসত্ব শৃঙ্খল বল কে পরিবে পায় হে

কে পরিবে পায়?"

— পদ্যাংশটি কার লেখা? কোন রচনার অন্তর্গত?

- (ঝ) "Rajmohon's Wife"-এর লেখক কে? এটি কত সালে প্রকাশিত?  
(ঞ) মাইকেল মধুসূদন দত্তের লেখা প্রহসন-সংখ্যা কয়টি ও কী কী?  
(ট) বাংলায় প্রতিষ্ঠিত সর্বপ্রথম পেশাদারি মঞ্চের নাম কী? এই মঞ্চ প্রতিষ্ঠার সঙ্গে যুক্ত দুজন ব্যক্তির নাম লেখো।  
(ঠ) বাংলা সাহিত্যে ও নাট্য জগতে ১৮৭২ খ্রিস্টাব্দ কী কারণে গুরুত্বপূর্ণ?  
(ড) 'মেঘ মল্লার' গল্প-সংকলনের রচয়িতার নাম কী? তাঁর লেখা একটি উপন্যাসের নাম লেখো।  
(ঢ) 'কালিন্দী'র রচনাকার কে? এটি কত সালে প্রকাশিত?  
(ণ) কথাসাহিত্যিক মানিক বন্দ্যোপাধ্যায়ের জন্ম ও মৃত্যু সাল লেখো।

২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ

৫×৪=২০

- (ক) বাংলা গদ্যের ইতিহাসে শ্রীরামপুর মিশনের প্রধান গদ্যকারদের অবদান বিচার করো।  
(খ) 'চিন্তা তরঙ্গিনী'র রচনাকার কে? তাঁর কাব্যপ্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও।  
(গ) 'সবুজ পত্র' পর্বে ছোটগল্পকার রবীন্দ্রনাথের প্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও।  
(ঘ) ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের কৃতিত্বের পরিচয় দাও।

- (ঙ) প্রমথ চৌধুরী আর কোন নামে পরিচিত ছিলেন? বাংলা প্রবন্ধকার হিসেবে তাঁর কৃতিত্বের মূল্যায়ন করো।  
(চ) কথাসাহিত্যিক মানিক বন্দ্যোপাধ্যায়ের কথাসাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩. যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

১০×২=২০

- (ক) বাংলা কাব্য-কবিতার ধারায় মধুসূদন দত্তের অবদান বিচার করো।  
(খ) প্রাবন্ধিক হিসেবে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের একটি মূল্যায়ন করো।  
(গ) রবীন্দ্রনাথের নাট্যপ্রতিভার পরিচয় দাও।  
(ঘ) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় অথবা নবীনচন্দ্র সেনের কাব্যপ্রতিভার পরিচয় দাও।
-